ব্যবসায়ের ক্ষেত্রে
মেধা সম্পদ | গ্রন্থমালা ২









# লুকিং গুড

## ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের জন্য ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন বিষয়ক প্রাথমিক ধারণা

WIPO
WORLD
INTELLECTUAL PROPERTY
ORGANIZATION

'ব্যবসায়ের ক্ষেত্রে মেধা সম্পদ' গ্রন্থমালার অন্যান্য প্রকাশনা

১. মেকিং এ মার্ক : ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের জন্য ট্রেডমার্ক বিষয়ক প্রাথমিক ধারণা। WIPO প্রকাশনা নং ৯০০।

২. লুকিং গুড : ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের জন্য ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন বিষয়ক প্রাথমিক ধারণা। WIPO প্রকাশনা নং ৪৯৮।

৩. ইনভেন্টিং দা ফিউচার : ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের জন্য পেটেন্ট বিষয়ক প্রাথমিক ধারণা। WIPO প্রকাশনা নং ৯১৭।

৪. ক্রিয়েটিভ এক্সপ্রেশন : ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের জন্য কপিরাইট ও সংশ্লিষ্ট অধিকার বিষয়ক প্রাথমিক ধারণা। WIPO প্রকাশনা নং ৯১৮।

যাবতীয় প্রকাশনা পাওয়া যাবে WIPO ই-বুকশপে, যার ঠিকানা : www.wipo.int/ebookshop

www.wipo.int/sme/

**সতর্কতামূলক ঘোষণা ঃ** এই নির্দেশিকায় অন্তর্ভুক্ত তথ্য কোনোভাবেই পেশাগত আইনি সহায়তার বিকল্প কিছু নয়। বিষয়বস্তু সম্পর্কিত মৌলিক ধারণা প্রদানই এই নির্দেশিকার উদ্দেশ্য।

*WIPO স্বত্ব (২০০৬) আইনানুগ অনুমতি ব্যতীত, কপিরাইট স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই প্রকাশনার কোনো অংশই ইলেক্ট্রনিক্যালি বা ম্যাকানিক্যালি, যে কোনো আকার বা ভাবে পুনরুৎপাদন বা বিতরণ করা যাবে না।*

This publication has been translated and reproduced with the permission of the World Intellectual Property Organization (*WIPO*), the owner of the copyright, on the basis of the original English language version. The Secretariat of *WIPO* assumes no liability or responsibility with regard to the translation and transformation of the publication.

This translated publication was financed under the EU-WIPO Intellectual Property Rights Project for Bangladesh

European Union

WIPO WORLD INTELLECTUAL PROPERTY ORGANIZATION

# ভূমিকা

এই নির্দেশিকা 'ব্যবসায়ের ক্ষেত্রে মেধা সম্পদ' গ্রন্থমালার দ্বিতীয় নির্দেশিকা। বাজারে একটি পণ্যের সাফল্য নির্ধারণকারী ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনই (শিল্প নকশা) হচ্ছে এই নির্দেশিকার বিষয়বস্তু।

একটি পণ্যের নান্দনিক রূপ বা বাহ্যিক চেহারাই হচ্ছে মেধা সম্পদ আইনে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন। এটি ভোক্তাদের কাছে কোনো পণ্যকে আকর্ষণীয় বা আবেদনময় করে তোলার কাজটি করে থাকে এবং এই বাহ্যিক আবেদনই এক পণ্য থেকে আরেক পণ্য পছন্দের ক্ষেত্রে ভোক্তার সিদ্ধান্তকে প্রভাবিত করতে অন্যতম ভূমিকা রাখে। ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন কোম্পানিগুলোকে প্রতিযোগী কোম্পানি থেকে নিজেদের পণ্য আলাদা করতে সহায়তা করে এবং নির্দিষ্ট পণ্যের ব্র্যান্ড ভাবমূর্তি (Image) বৃদ্ধি করে। এ কারণেই ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের উপযুক্ত সুরক্ষা এতটা গুরুত্বপূর্ণ।

ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলোর (SME) জন্য ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষা বিষয়ক প্রাথমিক ধারণাগুলোই এই নির্দেশিকার বিষয়বস্তু এবং এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রশ্ন ও উত্তর, উদাহরণ এবং সুরক্ষিত ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনগুলোর চিত্র।

জাতীয় প্রতিষ্ঠান ও স্থানীয় অংশীদারদের সহযোগিতায় এই নির্দেশিকার নির্দিষ্ট দেশজ সংস্করণ উন্নয়ন করা যেতে পারে। দেশজ সংস্করণ প্রস্তুতের কাজে এই নির্দেশিকাগুলোর কপি সংগ্রহ করতে WIPO'র সঙ্গে এসব প্রতিষ্ঠানকে যোগাযোগের অনুরোধ করা হচ্ছে।



কামিল ইদ্রিস
মহাব্যবস্থাপক, বিশ্ব মেধা সম্পদ সংস্থা

# সূচি


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন | ৩ |
| ২. | ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষা | ৬ |
| ৩. | ভিন্ন দেশে ডিজাইন সুরক্ষা | ১৬ |
| ৪. | ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন কার্যকরীকরণ | ১৮ |
| ৫. | ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষার অন্যান্য আইনি ব্যবস্থা | ১৯ |

# ১. ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন

## ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন কী?

সব ভাষাতেই, ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন বলতে কোনো পণ্যের সামগ্রিক আকৃতি ও গুণাবলী বোঝায়। হাতলওয়ালা কোনো চেয়ারকে তখনই দারুন ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনসমৃদ্ধ বলা হবে যখন বসতে আরামদায়ক হওয়ার পাশাপাশি এ চেয়ারটা দেখতে সবার নজর কাড়বে। ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর জন্য, একটি পণ্যের ডিজাইন সৃষ্টি করার অর্থ হচ্ছে সে পণ্যের কার্যক্ষমতা ও নান্দনিক বৈশিষ্ট্য উন্নয়ন করা এবং এটা করার সময় পণ্যের বিপণনযোগ্যতা, উৎপাদন খরচ বা পরিবহণ সুবিধা, গুদামজাতকরণ, মেরামত এবং পরিত্যক্ত করার মত বিষয়গুলো বিবেচনায় নেয়া।

মেধা সম্পদ আইনের দৃষ্টিতে, যদিও, **ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন মানে একটি পণ্যের কেবলমাত্র আলঙ্কারিক বা নান্দনিক রূপ**। অন্য অর্থে, এটা হচ্ছে ঐ হাতলওয়ালা চেয়ারের বাহ্যিক চেহারা। কোনো পণ্যের ডিজাইনে যদিও কারিগরী বা কার্যক্ষমতাগত বৈশিষ্ট্য থাকতে পারে, তবু মেধা সম্পদ আইনে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন হচ্ছে কেবল একটি পণ্যের নান্দনিক রূপ এবং এটা কারিগরী বা কার্যক্ষমতাগত বৈশিষ্ট্য থেকে সম্পূর্ণ আলাদা।

শিল্প, ফ্যাশন ও হস্তশিল্পের বিভিন্ন ধরনের পণ্যের ক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সম্পৃক্ত, কারিগরী ও চিকিৎসা উপকরণ থেকে শুরু করে ঘড়ি, অলংকার ও অন্যান্য বিলাসদ্রব্য, গৃহস্থালী সামগ্রী, খেলনা, আসবাবপত্র এবং বৈদ্যুতিক গৃহস্থালী সামগ্রী থেকে গাড়ি ও স্থাপত্য কাঠামো; টেক্সটাইল ডিজাইন থেকে ক্রীড়া উপকরণ।

পণ্যের মোড়ক (প্যাকেজিং), কন্টেইনার এবং চেহারা ('get-up') ও ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ।

সাধারণ নিয়মে, একটি ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনে যেসব বৈশিষ্ট্য থাকে :

- **ত্রিমাত্রিক বৈশিষ্ট্য, যেমন কোনো পণ্যের আকৃতি,**
- **দ্বিমাত্রিক বৈশিষ্ট্য, যেমন কোনো পণ্যের অলঙ্করণ, প্যাটার্ন, রেখা বা রঙ; অথবা**
- **এ জাতীয় এক বা একাধিক বৈশিষ্ট্যের সংমিশ্রণ।**

**একটি ত্রিমাত্রিক ডিজাইনের ছবি**



সৌজন্যে : ভিলেরয়+বচ এ.জি.

**একটি দ্বিমাত্রিক ডিজাইনের ছবি**



## ব্যবসায়ে সৃষ্টিশীল ডিজাইন

ব্যবসা প্রতিষ্ঠানগুলো অনেক সময় তাদের পণ্যের নকশার আবেদন বাড়াতে উল্লেখযোগ্য সময় ও সম্পদ ব্যয় করে। প্রায়শ নতুন এবং মৌলিক ডিজাইন সৃষ্টি হয় মূলত :

**১. বাজারের একটি নির্দিষ্ট অংশকে প্রলুব্ধ করার কাজে পণ্য কাস্টমাইজ করতে :** কোনো কোনো পণ্যের ডিজাইনে (যেমন, একটি হাত ঘড়ি) সামান্য পরিবর্তন এনে সেটা ভিন্ন ভিন্ন বয়সের, সংস্কৃতির বা সামাজিক গোষ্ঠীর জন্য উপযুক্ত করে তোলা যায়। যদিও ঘড়ির মূল কাজটি একই থাকে, তবু শিশুকিশোর এবং তরুণদের মধ্যে সাধারণত ডিজাইনের ব্যাপারে রুচির ভিন্নতা থাকে।

**২. একটি নতুন উপযুক্ত বাজার সৃষ্টি করতে :** প্রতিযোগিতাপূর্ণ বাজারে, অনেক কোম্পানিই প্রতিযোগিদের তুলনায় তাদের পণ্য আলাদা করতে নতুন সৃষ্টিশীল ডিজাইন প্রবর্তন করার মাধ্যমে একটি উপযুক্ত বাজার সৃষ্টি করতে চায়। সাধারণ জিনিসপত্র যেমন তালা, জুতা, কাপ এবং পিরিচ থেকে ব্যয় বহুল সামগ্রী যেমন অলংকার, কম্পিউটার বা গাড়ি সবক্ষেত্রেই এটা প্রযোজ্য হতে পারে।

**৩. ব্র্যান্ড শক্তিশালী করতে :** কোম্পানির ব্র্যান্ডের স্বাতন্ত্র্যতা বাড়াতে সৃষ্টিশীল ডিজাইনে প্রায়শ যুক্ত থাকে সুনির্দিষ্ট ট্রেডমার্ক। পণ্যের ডিজাইনের ওপর অত্যাধিক গুরুত্ব দেয়ার মাধ্যমে অনেক কোম্পানি সফলতার সঙ্গে তাদের ব্র্যান্ড ভাবমূর্তি সৃষ্টি করেছে বা নতুন করে সেগুলো প্রতিষ্ঠা করেছে।

www.wipo.int/sme/

## ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন কেন সুরক্ষা করবেন?

ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন পণ্যে মূল্য সংযোজন করে। এটা ভোক্তাদের কাছে পণ্যকে **আকর্ষণীয় ও আবেদনময়** করে তোলে এবং কখনও কখনও এটা হতে পারে পণ্য বিক্রির ক্ষেত্রে মূখ্য ভূমিকা পালনকারী উপাদান। সুতরাং, মূল্যবান ডিজাইন সুরক্ষা কোনো ডিজাইনার বা উৎপাদক প্রতিষ্ঠানের ব্যবসায়িক কৌশলের অত্যান্ত গুরুত্বপূর্ণ অংশ হওয়া উচিত।

জাতীয় বা আঞ্চলিক মেধা সম্পদ কার্যালয়ে নিবন্ধনের মাধ্যমে একটি ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষিত করে এ ডিজাইনের মালিক এর **অননুমোদিত কপি বা নকল প্রতিহত করার একচেটিয়া অধিকার লাভ করেন**। এই নিবন্ধন বা সুরক্ষা ব্যবস্থা নিম্নলিখিত এক বা একাধিক উপায়ে ব্যবসায়ের প্রতিযোগিতা বৃদ্ধি করে এবং অতিরিক্ত মুনাফা ঘরে আনে।



সৌজন্যে : ভিক্টোরিনক্স লিঃ

- একটি ডিজাইন নিবন্ধন করে আপনি প্রতিযোগীদের মাধ্যমে সেই ডিজাইনের নকল বা অনুরূপ ডিজাইন ব্যবহারের ঘটনা প্রতিরোধ করতে সক্ষম হবেন এবং এভাবে আপনার প্রতিযোগিতামূলক অবস্থান শক্তিশালী করবেন।

- নিবন্ধন একটি মূলবান ডিজাইন সংশ্লিষ্ট পণ্য সৃষ্টি এবং বাজারজাতকরনের বিনিয়োগ থেকে উপযুক্ত মুনাফা প্রাপ্তি নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ অবদান রাখে, এবং এভাবে আপনার মুনাফা বৃদ্ধি করে।
- ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন হচ্ছে **ব্যবসায়িক সম্পদ** যা একটি কোম্পানি ও এর পণ্যের বাণিজ্যিক মূল্য বাড়াতে পারে। একটি ডিজাইন যত সফল হবে, কোম্পানির মূল্য তত বাড়বে।
- নির্দিষ্ট ফি'র ভিত্তিতে অন্য কাউকে একটি সুরক্ষিত ডিজাইনের **লাইসেন্স** (বা বিক্রি) প্রদান করা যেতে পারে। লাইসেন্সিংয়ের মাধ্যমে আপনি সেইসব বাজারে ঢুকতে পারবেন যেখানে অন্য কোনো উপায়ে আপনি ঢুকতে পারছিলেন না।
- ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধন **ন্যায্য প্রতিযোগিতা** এবং সৎ ব্যবসায়িক রীতি উৎসাহিত করে, যা, বিনিময়ে নান্দনিক সৌন্দর্য্যমন্ডিত বিভিন্ন ধরনের পণ্য তৈরির প্রচেষ্টাকে উৎসাহিত করে।

### ইউরোপীয় ইউনিয়নে ডিজাইন সুরক্ষার কারণ সমূহ




উৎস : OHIM, প্রস্পেকটিভ স্টাডি অ্যাবাউট দা ডিজাইন প্রোটেকশন ইনসাইড অ্যান্ড দ্য ইউরোপিয়ান ইউনিয়ন লেভেল (২০০২)।

## ডিজাইনের ওপর আলোকপাত

একটি টেবিল ল্যাম্পের কার্যক্ষম অংশগুলো যদিও পণ্য থেকে পণ্যে উল্লেখযোগ্য মাত্রায় ভিন্ন হয় না, কিন্তু এর চেহারা বা সৌন্দর্য্যই বাজারে সফল হওয়ার ক্ষেত্রে মূলত মূখ্য ভূমিকা রাখে। একারণে, অনেক দেশেই ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন রেজিস্টারে ল্যাম্পের মত সাধারণ গৃহ সামগ্রীর ক্ষেত্রে ডিজাইনের তালিকা এতটা লম্বা থাকে।



সৌজন্যে : নেমো এস.পি.এ

## ২. ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষা

### কিভাবে আপনি ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের সুরক্ষা পেতে পারেন?

অধিকাংশ দেশেই, **সুরক্ষিত হওয়ার জন্য একটি ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনকে অবশ্যই ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন আইনের অধীনে নিবন্ধিত হতে হবে।**

ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের জন্য যে দেশে ডিজাইনটি সুরক্ষিত রাখতে আগ্রহী সে দেশের **জাতীয় মেধা সম্পদ (IP) অফিসে আপনাকে** আবেদন করতে হবে । (সংযুক্তি ১-এ মেধা সম্পদ অফিসের ওয়েবসাইটের একটি তালিকা দেয়া আছে)। ভিন্ন দেশে সুরক্ষার জন্য দেখুন অধ্যায় ৩।

কোন কোন দেশ অথবা অভিন্ন অর্থনৈতিক অঞ্চল যেমন ইউরোপীয় ইউনিয়নের সাম্প্রতিক আইন **অনিবন্ধিত ডিজাইনগুলোর** জন্য স্বল্পমেয়াদী সুরক্ষা অর্জনের বিষয়টি সম্ভব করে তুলেছে যা ডিজাইনটি ইউরোপীয় ইউনিয়নে প্রকাশের পর থেকে ৩ বছর পর্যন্ত এই সুরক্ষা বহাল থাকবে।

অনিবন্ধিত ডিজাইন সুরক্ষার এই সুবিধা কোম্পানিগুলোকে তাদের যাবতীয় পণ্যের ডিজাইন নিবন্ধনের প্রস্তুতি ও ব্যয় নির্বাহের আগেই পণ্যের পরীক্ষামূলক বিপণনের সুযোগ প্রদান করছে, যেসব পণ্যের মধ্যে বেশ কতকগুলো হয়তো বাজারে নাও সফল হতে পারে। পাশাপাশি, খুব অল্প সময়ের জন্যও হয়ত কিছু ডিজাইন বাজারে থাকতে পারে, বিশেষ করে ফ্যাশন শিল্পে। এ ধরনের পণ্যের ক্ষেত্রে, অনিবন্ধিত ডিজাইন দারুন একটা বিকল্প।

একটি পণ্য তৈরি করার পর নিবন্ধনের জন্য ডিজাইনারের হাতে সময় থাকে ১২ মাস। অনিবন্ধিত ডিজাইনের জন্য যে সুরক্ষা প্রদান করা হয় তা স্বল্পমেয়াদী, একারণে একটি নিবন্ধিত ডিজাইনের চেয়ে এর কার্যকরীকরণ বেশ কঠিন এবং এর মেয়াদ ক্ষণস্থায়ী, নিবন্ধিত ডিজাইনের ২৫ বছরের সুরক্ষার বিপরীতে ইউরোপীয় ইউনিয়নে এর মেয়াদ মাত্র ৩ বছর।

যেহেতু এই নির্দেশিকা কেবল নিবন্ধিত ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনকে ঘিরেই প্রণীত হয়েছে, সে কারণে এটা উল্লেখ করা প্রয়োজন যে, কোন কোন দেশে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষার বিকল্প পদ্ধতি থাকতে পারে।

- একটি দেশের জাতীয় আইন ও ডিজাইনের ধরণের ভিত্তিতে, ডিজাইন সুরক্ষার এক ধরনের বিকল্প পদ্ধতি হচ্ছে **কপিরাইট আইন**। কপিরাইট সাধারণত সাহিত্য ও শৈল্পিক কাজের ক্ষেত্রে একচেটিয়া অধিকার প্রদান করে। কোনো কোনো দেশে কিছু ডিজাইন শিল্পকর্ম বা ব্যবহারিক শিল্প হিসেবে বিবেচিত হতে পারে, এ কারণে কপিরাইট সুরক্ষা ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলোর (SME) জন্য প্রযোজ্য হতে পারে এবং আকর্ষণীয় এক বিকল্প হিসেবে উপস্থাপিত হতে পারে।

- উপরন্তু, কোন কোন দেশে যদি কোনো ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন বাজারে ট্রেডমার্ক হিসেবে কাজ করে, তাহলে **এটা ত্রিমাত্রিক মার্ক** হিসেবে সুরক্ষিত হতে পারে। যখন কোনো পণ্যের আকৃতি বা এর মোড়ক স্বাতন্ত্র্যমূলক হিসেবে বিবেচিত হয় কেবল সেক্ষেত্রেই এটা প্রযোজ্য।

* **অসাধু প্রতিযোগিতা বিষয়ক আইন** কোনো কোনো দেশে একটি কোম্পানির ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনকে প্রতিযোগীদের দ্বারা নকল হওয়া থেকেও সুরক্ষিত রাখতে পারে।

কপিরাইট, ট্রেডমার্ক অথবা অসাধু প্রতিযোগিতা বিষয়ক আইনের অধীনে ডিজাইন সুরক্ষার ওপর আরো তথ্যের জন্য ৫ নং অধ্যায় দেখুন।

## ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষার মাধ্যমে কোন অধিকারগুলো প্রদান করা হয়?

নিবন্ধনের মাধ্যমে যখন একটি ডিজাইন সুরক্ষিত থাকে, তখন এর মালিক বা স্বত্বাধিকারী **তৃতীয় কোনো পক্ষের মাধ্যমে সেই ডিজাইনের নকল বা অনুরূপ** ডিজাইন ব্যবহার প্রতিহত করার অধিকার লাভ করেন। এর মধ্যে রয়েছে অন্য সবাইকে ঐ ডিজাইন সংবলিত অথবা ঐ ডিজাইন প্রয়োগকৃত কোনো পণ্য **তৈরি, বিক্রির প্রস্তাব, আমদানি, রফতানি বা বিক্রি** থেকে বাইরে রাখার অধিকার। নিবন্ধিত ডিজাইন সুরক্ষার সত্যিকারের আওতা নির্ধারণ করে থাকে সংশ্লিষ্ট দেশ বা অঞ্চলের আইন ও রীতি।

## ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন হিসেবে কি কি নিবন্ধন করা যায়?

সাধারণ নিয়ম হিসেবে, নিবন্ধিত হওয়ার ক্ষেত্রে, একটি ডিজাইনকে অবশ্যই এক বা একাধিক মৌলিক বাধ্যবাধকতা পূরণ করতে হবে, এটা নির্ভর করে সংশ্লিষ্ট দেশের আইনের ওপর। এই আবশ্যকতাগুলো হচ্ছে :

* ডিজাইনকে অবশ্যই **'নতুন'** হতে হবে। একটি ডিজাইনকে তখনই নতুন বলে বিবেচনা করা হবে যদি হুবহু একই রকম কোনো ডিজাইনের অস্তিত্ব নিবন্ধন আবেদনের আগ পর্যন্ত না থাকে।

### একচেটিয়া অধিকার

ধরা যাক যে, আপনার কোম্পানি উদ্ভাবনী ডিজাইন সংবলিত একটি ছাতা তৈরি করেছে, জাতীয় মেধা সম্পদ অফিসে নিবন্ধন করেছে এবং এভাবে ঐ ডিজাইন সংবলিত ছাতার ওপর একচেটিয়া অধিকার লাভ করেছে। এর অর্থ হচ্ছে, আপনি যদি দেখেন যে আরেকটি কোম্পানি হুবহু এক বা কাছাকাছি ডিজাইনের ছাতা তৈরি, বিক্রি বা আমদানি করছে তাহলে আপনি তাকে (ব্যক্তি/প্রতিষ্ঠান) আপনার ডিজাইন ব্যবহার করা থেকে বিরত রাখতে পারবেন, এবং সম্ভবত, ঐ ডিজাইনের অননুমোদিত ব্যবহারের কারণে আপনার ব্যবসা যে পরিমাণ ক্ষতিগ্রস্থ হয়েছে সেই ক্ষতিপূরণ আদায় করতে পারবেন। সুতরাং, প্রতিযোগী প্রতিষ্ঠানগুলোকে প্রতিযোগিতামূলক পণ্য উৎপাদন থেকে বিরত রাখতে না পারলেও তাদেরকে আপনার পণ্যের মত একই পণ্য তৈরি থেকে বিরত রাখতে পারবেন এবং আপনার সৃষ্টিশীলতার ঘাড়ে চেপে অন্যদের এগিয়ে যাওয়া রোধ করতে পারবেন। কিভাবে আপনার অধিকার কার্যকরীকরণ করবেন সে ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য একজন মেধা সম্পদ আইনজীবীর সঙ্গে পরামর্শ করুন।



- ডিজাইনকে অবশ্যই **'মৌলিক'** হতে হবে। একটি ডিজাইন তখনই মৌলিক বলে বিবেচিত হবে যখন ডিজাইনার নিজে থেকেই ডিজাইনটি তৈরি করবেন এবং এটা বিদ্যমান কোনো ডিজাইনের নকল বা অনুরূপ কিছু হবে না।

- ডিজাইনের অবশ্যই একটি **'স্বতন্ত্র বৈশিষ্ট্য'** থাকতে হবে। এই বাধ্যবাধকতা পূরণ হবে যদি সচেতন জনসাধারনের কাছে কোনো ডিজাইনের সামগ্রিক প্রতিক্রিয়া পূববর্তী কোনো ডিজাইনের সামগ্রিক প্রতিক্রিয়া থেকে আলাদা হয়।

প্রথাগতভাবে, সংরক্ষণযোগ্য কোনো ডিজাইন উৎপাদিত কোনো পণ্যের সাথে সম্পৃক্ত থাকে, যেমন একটি জুতার আকৃতি, কানের দুলের কোনো ডিজাইন অথবা একটি চায়ের কাপের অলঙ্করণ। **ডিজিটাল যুগে,** কোনো কোনো দেশে, সুরক্ষার মাত্রা ধীরে ধীরে অন্য ধরনের পণ্য ও ডিজাইনের দিকে বিস্তৃত হচ্ছে। এগুলোর মধ্যে রয়েছে কম্পিউটার কোডের মাধ্যমে সৃষ্ট ইলেক্ট্রনিক আইকন, টাইপফেস, কম্পিউটার মনিটর ও মোবাইল ফোনসেটে প্রদর্শিত গ্রাফিক ইত্যাদি।

## ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন অধিকারের মাধ্যমে কোনগুলো সুরক্ষিত রাখা যায় না?

অধিকাংশ দেশে নিবন্ধনের আওতা বর্হিভূত ডিজাইনগুলো হচ্ছে :

- ঐসব ডিজাইন যেগুলো অভিনবত্ব, মৌলিকত্ব এবং/অথবা স্বতন্ত্র বৈশিষ্ট্যের বাধ্যবাধকতা পূরণ করে না (উপরে যে বিষয়গুলো নিয়ে আলোচনা হয়েছে)।

- ঐসব ডিজাইন যেগুলো একটি পণ্যের কারিগরী কার্যক্ষমতার মাধ্যমেই কেবল নির্দেশিত বলে বিবেচিত হয়; এ ধরনের কারিগরী বা কার্যক্ষমতাসম্পন্ন ডিজাইন বৈশিষ্ট্যগুলো সুরক্ষা করা যেতে পারে। তবে এ ধরনের প্রতিটি বিষয় নির্ভর করে অন্যান্য মেধা সম্পদ অধিকারের ওপর (যেমন, পেটেন্ট, ইউটিলিটি মডেল বা ট্রেড সিক্রেট)।

- **প্রাতিষ্ঠানিক প্রতীক বা কুলচিহ্ন** সংবলিত ডিজাইন (যেমন জাতীয় পতাকা)।

- যেসব ডিজাইন যেগুলো **মূল্যবোধ ও নৈতিকতা বিরোধী।**

পাশাপাশি, এটা স্মরণ রাখা গুরুত্বপূর্ণ যে, কোনো কোনো দেশে **হস্তশিল্পকে** ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন হিসেবে সুরক্ষার বাইরে রাখা হয়। ঐসব দেশের ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন আইন অনুসারে যে পণ্যে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন প্রয়োগ করা হবে সেটাকে অবশ্যই 'উৎপাদনকৃত বস্তু' হতে হবে অথবা 'শিল্পকারখানার মাধ্যমে' পুনরুৎপাদন করার যোগ্য হতে হবে।

ডিজাইন হিসেবে কোনগুলো নিবন্ধন করা যাবে না সে বিষয়ে নানান বিধিনিষেধ থাকতে পারে। তবে এটা নির্ভর করে সংশ্লিষ্ট দেশের জাতীয় আইনের ওপর। এক্ষেত্রে একজন IP এজেন্ট বা সংশ্লিষ্ট দেশের আইপি অফিসের সঙ্গে পরামর্শের সুপারিশ করা হচ্ছে।

## কিভাবে আপনি একটি ডিজাইন নিবন্ধন করবেন?

আপনার নিজের দেশে একটি ডিজাইন সুরক্ষার জন্য নিম্নলিখিত ধাপগুলো অবশ্যই অনুসরণ করতে হবে :

- আপনার দেশের IP অফিস সরবরাহকৃত **ফরমটি** পূরণ করুন (সংযুক্তি ১ এ বিভিন্ন দেশের IP অফিসগুলোর ওয়েবসাইটের তালিকা দেয়া হয়েছে, যেখানে আপনি আপনার ডিজাইন নিবন্ধন করতে পারেন)। এ ফরমের মধ্যে রয়েছে আপনার নাম, বিস্তারিত ঠিকানা, সংশ্লিষ্ট ডিজাইনের ড্রয়িং এবং/বা আলোকচিত্র (যথাযথ ফরম্যাট সাধারণত উল্লেখ থাকে)।
- কোনো কোনো দেশে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন বিষয়ে **লিখিত বিবরণ বা অভিনবত্বের বিবৃতি** দাখিল করার বাধ্যবাধকতা থাকে বা অপশন থাকে। সাধারণত ডিজাইন সম্বন্ধেই এ জাতীয় বিবরণ প্রদান করতে হয়, যে পণ্যে ঐ ডিজাইন ব্যবহার করা হবে সে সর্ম্পকে, পণ্য সম্পর্কে নয়। একই ধরনের পূর্ববর্তী কোনো ডিজাইন থেকে এটা আলাদা করতে এ জাতীয় বিবরণ হতে হবে উপযুক্ত এবং যথেষ্ট। এ বিবরণে থাকবে ডিজাইনের সবগুলো স্বাতন্ত্র্যমূলক নান্দনিক বৈশিষ্ট্য এবং কোন বৈশিষ্ট্যগুলো সব থেকে গুরুত্বপূর্ণ তার উল্লেখ ও এখানে থাকতে হবে। কোন কোন দেশে, ডিজাইন সম্পর্কে পরিপূর্ণ ধারণা নিতে বা এর টেক্সচার বা উপাদান পরখ করতে পরীক্ষক ঐ ডিজাইনের একটি নমুনা চাইতে পারেন।
- **উপযুক্ত আবেদন** ফি আপনাকে পরিশোধ করতে হবে।
- আবেদনপত্র পূরণ ও নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে আপনি একজন IP এজেন্টের সহায়তা নিতে পারেন। সেক্ষেত্রে, আপনার **প্রতিনিধির কাছে ক্ষমতা হস্তান্তর সংক্রান্ত সনদের অনুলিপিও দাখিল করতে হবে।**

কোন কোন IP অফিস যাবতীয় প্রশাসনিক আনুষ্ঠানিকতা পূরণ করা হয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হয়ে এবং আনুষ্ঠানিক পরীক্ষা শেষ করেই কেবল কোনো ডিজাইনের নিবন্ধন প্রদান করে। অন্যান্য অফিস অভিনবত্ব এবং/বা মৌলিকত্ব প্রমাণে বিদ্যমান ডিজাইনগুলো ব্যাপকভাবে পরীক্ষার পরই কেবল নিবন্ধন প্রদান করে। অভিনবত্ব এবং/বা মৌলিকত্ব না পরীক্ষা করেই অধিকাংশ অফিস নিবন্ধন অনুমোদন করে থাকে।

একটি ডিজাইন নিবন্ধিত হওয়ার পর এটি ডিজাইন রেজিষ্টারের তালিকাভুক্ত করা হয়। ডিজাইন গেজেটে প্রকাশিত হয় এবং একটি **ডিজাইন নিবন্ধন সনদ** প্রদান করা হয়। কোনো কোনো দেশ/অঞ্চলে ডিজাইনটির **গেজেটে প্রকাশ স্থগিতকরণের** অনুরোধ করা সম্ভব, তবে সেসব ক্ষেত্রে সংশ্লিষ্ট আইনে উল্লেখিত সময় পর্যন্ত ডিজাইনটি গোপন রাখা হয়। কিছু সময়ের জন্য প্রকাশনা স্থগিত রাখা কৌশলগত ব্যবসায়িক কারণে বেশ উপযুক্ত হতে পারে।

বিদেশে কিভাবে একটি ডিজাইন সুরক্ষিত করা যায় সে সম্পর্কিত তথ্যের জন্য দেখুন ৩ নং অধ্যায়।

### একটি ডিজাইন নিবন্ধন করতে কত সময় প্রয়োজন?

প্রতিটি দেশের জাতীয় IP অফিসের ওপর এটা নির্ভর করে, তবে একটি ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের প্রক্রিয়া সাধারণত ৬ থকে ১২ মাস অথবা কখনও কখনও আরো দীর্ঘমেয়াদী হতে পারে। বেশ কয়েকটি বিষয়ের ওপর এটা নির্ভর করে, এগুলোর মধ্যে রয়েছে ডিজাইন পরীক্ষক কোনো আপত্তি জানিয়েছেন কি না অথবা বিবেচনাধীন ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের নিবন্ধন প্রদানের আগে বিরোধিতার জন্য কোনো সুযোগ রয়েছে কি না।

### নিবন্ধনের পূর্বে ডিজাইন গোপন রাখা কতটা গুরুত্বপূর্ণ?

একটি নিবন্ধন পদ্ধতির অধীনে আপনি যদি আপনার ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষিত রাখতে আগ্রহী থাকেন তাহলে ডিজাইনটি গোপন রাখা খুবই গুরুত্বপূর্ণ। এর কারণ হচ্ছে, ডিজাইন সুরক্ষার প্রধান বাধ্যবাধকতা হচ্ছে ডিজাইনটিকে অবশ্যই 'নতুন' হতে হবে। আপনি যদি আপনার ডিজাইন অন্য কাউকে দেখান তাহলে লিখিত চুক্তির মধ্যে গোপনীয়তার ধারা রাখার সুপারিশ করা হচ্ছে, যেখানে সুস্পষ্ট উল্লেখ থাকবে যে, ডিজাইনটি গোপনীয়।

কোনো কোম্পানির ক্যাটালগ বা ব্রশিয়রে যখন একটি ডিজাইন জনসাধারণের জন্য প্রকাশ করা হয় তখন এটা আর 'নতুন' বলে বিবেচিত হয় না। এটা তখন উন্মুক্ত হয়ে পড়ে এবং আর সুরক্ষিত করা যায় না, যদি না সংশ্লিষ্ট আইনে 'গ্রেস পিরিয়ড' থাকে অথবা যদি না পূর্ববর্তী কোনো আবেদনের অগ্রাধিকার দাবি করা হয় (১৬ নংপৃষ্ঠায় দেখুন 'কিভাবে বিদেশে আপনার ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষা করবেন' শীর্ষক অধ্যায়টি)।

**উদাহরণ : বেবি অ্যান্ড চিলড্রেন**

গোছলের সময় বাচ্চাদের সুরক্ষা ও আরাম বিবেচনায় নিয়ে ফ্রান্সের একটি প্রতিষ্ঠান 'বেবি অ্যান্ড চিলড্রেন' বাথরুমের জন্য একটি দোলনা-বিছানা ডিজাইন করে এবং বাজারে ছাড়ে। পণ্যটির সরল ও মৌলিক ডিজাইন বিশ্বব্যাপী মা ও শিশুদের আকৃষ্ট করতে সক্ষম হয়। নতুন উদ্ভাবিত এই পণ্যের সুরক্ষা নিশ্চিত করতে বেবি অ্যান্ড চিলড্রেন ২০০০ সালের মার্চে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের জন্য একটি আন্তর্জাতিক আবেদন দাখিল করে। নিবন্ধন প্রক্রিয়া শেষ হবার পর বেবি অ্যান্ড চিলড্রেন তিনটি মহাদেশের দশটি দেশে তাদের পণ্য বাজারজাত করে, হয় সরাসরি নয়তো তাদের নিবন্ধিত ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের ওপর ভিত্তি করে লাইসেন্স অনুমোদন দিয়ে। এই পণ্যটির সফলতা ছিল দারুন। আজ বেবি অ্যান্ড চিলড্রেনের প্রধান পণ্যই হচ্ছে এই দোলনা-বিছানা এবং ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষার মাধ্যমে প্রাপ্ত বৈধ একচেটিয়াত্বের সহায়তায় কোম্পানিটি বিশ্বব্যাপী এই পণ্যটি বাজারজাত করে যাচ্ছে।



সৌজন্যে : বেবি অ্যান্ড চিলড্রেন

## গ্রেস পিরিয়ড কী?

কোন কোন দেশে, সে দেশের জাতীয় আইন ডিজাইন নিবন্ধনের ক্ষেত্রে একটি 'গ্রেস পিরিয়ড' বা অনুগ্রহমূলক সময় অনুমোদন করে যেখানে একটি ডিজাইন জনসাধারণের জন্য উন্মুক্ত, উন্মোচিত বা প্রকাশিত হওয়ার পর থেকে সাধারণত ৬ থকে ১ বছর পর্যন্ত সময় বরাদ্দ করা হয়।

এটা তখনই প্রযোজ্য যখন নিবন্ধন আবেদন পত্র দাখিলের আগে ঐ ডিজাইন সংবলিত পণ্য বিক্রি হতে থাকে, বাণিজ্য মেলায় প্রদর্শিত হয়, অথবা ক্যাটালগ বা ব্রশিয়রে প্রকাশিত হয় বা বিজ্ঞাপিত হয়। ঐ সময়ে, আপনি আপনার ডিজাইনটি নিবন্ধন ছাড়াই বাজারজাত করতে পারেন, ডিজাইনের 'অভিনবত্ব' যদিও টিকে থাকে না, তবুও নিবন্ধনের জন্য আবেদন করতে পারেন।

তবে, সব দেশে এটা প্রযোজ্য না এবং এর ফলাফলও সব দেশের পরিস্থিতিতে খুবই কম, এ কারণে ডিজাইন সুরক্ষার জন্য আবেদনের পূর্বে এটা গোপন রাখাই যুক্তিযুক্ত হবে। তাছাড়া, এই অনুগ্রহমূলক সময়ের মধ্যে ডিজাইনের ওপর একচেটিয়া অধিকারও থাকবে না (যদিও আপনার ডিজাইনটি আপনা আপনিই কপিরাইট বা অসাধু প্রতিযোগিতা বিষয়ক আইনের অধীনে সুরক্ষিত হবে, তবে এটা নির্ভর করবে সংশ্লিষ্ট দেশের আইনের ধারাগুলোর ওপর; কপিরাইট বিষয়ে আরো দেখুন ৫নং অধ্যায়ে)।

## ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের এই সুরক্ষা কত দিনের?

একটি নিবন্ধিত ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষার মেয়াদ এক এক দেশের ক্ষেত্রে এক এক রকম হতে পারে, কিন্তু সাধারণত ন্যূনতম ১০ বছর (যদিও প্রায়শ এর চেয়ে বেশি হয়; যেমন যুক্তরাষ্ট্রে ডিজাইন পেটেন্টের জন্য ১৪ বছর আর ইউরোপীয় ইউনিয়নে ২৫ বছর পর্যন্ত)। অধিকাংশ দেশেই ডিজাইন মালিককে পাঁচ বছর পর পর এটা নবায়ন করার প্রয়োজন হয়।

## একটি ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষার খরচ কত হতে পারে?

সত্যিকারের খরচ এক দেশ থেকে আরেক দেশে উল্লেখযোগ্য হারে কমবেশি হতে পারে। তবে, নিবন্ধন প্রক্রিয়ায় যে ধরনের খরচগুলো জড়িত তা মনে রাখা গুরুত্বপূর্ণ :

- জাতীয় বা আঞ্চলিক অফিসে **নিবন্ধন ফি** পরিশোধ করতে হবে। কতগুলো ডিজাইন নিবন্ধন করা হচ্ছে এবং কয়টি দেশে নিবন্ধনের আবেদন করা হচ্ছে তার ভিত্তিতে এই ফি'র হারে রকমফের হবে। নমুনা হিসেবে, ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোতে একটি মাত্র ডিজাইন সুরক্ষার আবেদন ফি ৩৫০ ইউরো, এটা ১,৯৫০ ইউরো হতে পারে যদি আবেদনপত্রে ১০টি ডিজাইন সুরক্ষার আবেদন করা হয়। আবেদন ফি'র সঠিক অংক সম্পর্কে বিস্তারিত তথ্য পাওয়া যাবে IP এজেন্ট বা সংশ্লিষ্ট দেশের IP অফিস থেকে।

- আপনি যদি আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে বিশেষজ্ঞ পরামর্শের ওপর নির্ভর করার সিদ্ধান্ত নেন, তাহলে নিবন্ধন প্রক্রিয়ায় সহায়তা করতে নিয়োজিত **IP এজেন্টের সেবা বাবদ খরচও** এখানে যুক্ত হবে।

* অধিকাংশ দেশে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের ওপর একচেটিয়া অধিকার বজায় রাখতে নবায়নের ক্ষেত্রে **নবায়ন ফি** প্রয়োজন হয়, সাধারণত পাঁচ-বছর ভিত্তিতে।

* যদি অন্য কোনো দেশে এই ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের সুরক্ষা চাওয়া হয় সেক্ষেত্রে **অনুবাদ বাবদ খরচ** যোগ হতে পারে।

### আপনার ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনটি যদি কার্যক্ষমতাগত উৎকর্ষ ও নান্দনিক বৈশিষ্ট্য মিলিয়ে হয় তাহলে কী করবেন?

একটি পণ্যের **কার্যক্ষমতাগত উৎকর্ষের** (ফাংশনাল ইমপ্রুভমেন্ট) ওপর একচেটিয়া অধিকার পেতে **পেটেন্ট বা ইউটিলিটি মডেলের** জন্য আবেদন করার সুপারিশ করা হচ্ছে যখন, যেক্ষেত্রে উদ্ভাবিত এই কার্যক্ষমতা পণ্যটি থেকে পরিষ্কারভাবে বোঝা যায় না, সেক্ষেত্রে এটা ব্যবসায়িক গোপনীয়তা (ট্রেড সিক্রেট) হিসেবেই রাখা উচিত। তবে, এটা প্রায়ই দেখা যায় যে, একটি নতুন পণ্যে নান্দনিক বৈশিষ্ট্যের পাশাপাশি থাকে কার্যক্ষমতাগত উৎকর্ষ। ধরা যাক আপনি একটি নতুন মোবাইল ফোন ডিজাইন করেছেন। ইলেক্ট্রনিক উপাদানগুলোর একের পর এক উন্নয়নের মাধ্যমে যদিও তৈরি হয়েছে মোবাইল ফোনটি এবং পেটেন্টের অধীনে এই ফোনটি সুরক্ষাও করা যায়, তবুও আপনার মোবাইল ফোনের মৌলিক ডিজাইনটি ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন হিসেবেও সুরক্ষিত হতে পারে। এখন আপনি কি উভয়টি'র জন্য আবেদন করবেন? উত্তর হচ্ছে হ্যাঁ।



(C) নোকিয়া

### ডিজাইন সুরক্ষা এবং ব্যবসায়িক কৌশল

কীভাবে, কখন ও কোথায় একটি কোম্পানির ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের সুরক্ষা চাওয়া হবে সে বিষয়ক সিদ্ধান্ত ডিজাইন ব্যবস্থাপনার অন্যান্য ক্ষেত্রের উপরও গুরুত্বপূর্ণ প্রভাব রাখতে পারে। এ কারণে একটি প্রতিষ্ঠানের ব্যাপক ভিত্তিক ব্যবসায়িক কৌশলে ডিজাইন সুরক্ষার বিষয়টি একীভূত করা অত্যন্ত জরুরি। উদাহরণ হিসেবে, সুরক্ষার ধরন, খরচ, সুরক্ষার কার্যকারিতা এবং ডিজাইন মালিকানার দিকগুলো গুরুত্বপূর্ণ বিবেচিত হতে পারে, যখন সিদ্ধান্ত নেয়া হবে :

* ডিজাইন উন্নয়নের কাজটি নিজেরাই করা হবে, না বাইরের কোনো প্রতিষ্ঠানকে দেয়া হবে;
* বিজ্ঞাপন, বাজারজাতকরণ বা কোনো প্রদর্শনীতে একটি নতুন ডিজাইনের প্রথম ব্যবহারের সময়;
* কোন রফতানি বাজারকে লক্ষ্য রেখে এটা করা হবে।
* কখন ও কীভাবে অর্থনৈতিক পারিতোষিকের বিনিময়ে অন্য কোম্পানির মাধ্যমে বাণিজ্যিকভাবে ব্যবহারের ক্ষেত্রে একটি ডিজাইনের লাইসেন্স বা স্বত্বনিয়োগ করা হবে।

www.wipo.int/sme/

অনেক ডিজাইনার মেধা সম্পদ অধিকারের বিভিন্ন আইনের অধীনে তাদের পণ্যের বিভিন্ন দিকগুলো সুরক্ষা করেন। এ কারণে, পেটেন্ট/ইউটিলিটি মডেল এবং ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের মধ্যে মৌলিক পার্থক্য জানাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। **উদ্ভাবনের জন্য পেটেন্ট এবং ইউটিলিটি মডেল অনুমোদন করা হয়, যে উদ্ভাবনগুলো একটি পণ্যে কার্যক্ষমতাগত উৎকর্ষ যোগ করে আর ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন পণ্যের বাহ্যিক চেহারার সুরক্ষা অনুমোদন করে।**

## ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষার আবেদন কারা করতে পারবেন?

সাধারণত, যে ব্যক্তি ডিজাইনটি তৈরি করেছেন তিনি অথবা, চুক্তির অধীনে কাজ করার সময়, তার নিয়োগকর্তা নিবন্ধনের জন্য আবেদন করতে পারেন। আবেদনকারী হতে পারে স্বতন্ত্র কোনো ব্যক্তি (যেমন, একজন ডিজাইনার) অথবা আইনগত কোনো স্বত্বা (যেমন, একটি কোম্পানি)। উভয় ক্ষেত্রেই, সরাসরি বা কোনো এজেন্টের মাধ্যমে আবেদন করা যাবে। আপনি যদি অন্য কোনো দেশে আবেদন করতে চান সেক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের IP অফিস অনুমোদিত একজন এজেন্টকে আপনার হয়ে প্রতিনিধিত্ব করতে হবে।

## একটি ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের ওপর অধিকার কার?

ডিজাইনটি যিনি সৃষ্টি করেছেন, অর্থাৎ ডিজাইনার সাধারণত একটি ডিজাইনের প্রথম মালিক, যদি না বিশেষ কোনো পরিস্থিতি থাকে। উদাহরণ হিসেবে, অধিকাংশ দেশে, যদি নিয়োগ চুক্তির শর্তানুসারে কোনো **কর্মী** একটি ডিজাইন উন্নয়ন করে থাকে অর্থাৎ, সেই প্রতিষ্ঠানে কর্মরত অবস্থায় এবং ওই প্রতিষ্ঠানে তার নিয়মিত দায়িত্বের অংশ হিসেবে, সেক্ষেত্রে ডিজাইনটি

### উদাহরণ : ডিউরেসেল

উনিশ'শ আশির দশক পর্যন্ত ডিউরেসেল মূলত একটি মাত্র পণ্য অ্যালকালাইন ব্যাটারি উৎপাদনে জড়িত ছিল। ১৯৮১ সালে একটি পকেট ফ্ল্যাশ লাইট তৈরির জন্য ডিউরেসেল পরামর্শক ডিজাইনার নিয়োগ করে। অল্প কিছুদিন পর ১৯৮২ সালে বাজারে সেই পণ্যটি উন্মোচন করা হয়। দুই বছর পর তাদের ফ্লাশ লাইটের ডিজাইনটি যুক্তরাজ্যের ডিজাইন কাউন্সিল পুরস্কার লাভ করে। বিগত বছর গুলোতে ডিউরেসেল ভিন্ন ভিন্ন বাজারের জন্য ভিন্ন ভিন্ন ডিজাইনের ফ্লাশলাইট বাজারজাত করে আসছে। তরুণ ভোক্তাদের জন্য ফ্লাশলাইটগুলো আকর্ষণীয় রঙে উন্নয়ন করা হয়েছিল। পণ্যটির কুশলি কার্যক্ষমতাগত বৈশিষ্ট্য পেটেন্টের মাধ্যমে সুরক্ষিত, অন্যদিকে এর ডিজাইনটি যে দেশগুলোতে ডিউরেসেল ব্যবসা পরিচালনা করছে সেসব দেশে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন হিসেবে সুরক্ষিত।



ডিউরেসেল

নিয়োগকর্তার মালিকানায় থাকবে অথবা একটি আনুষ্ঠানিক স্বত্বনিয়োগের মাধ্যমে হস্তান্তরের প্রয়োজন হবে।

**যদি চুক্তির অধীনে বাইরের কোনো ডিজাইনার** ডিজাইনটি উন্নয়ন করে থাকেন, সেক্ষেত্রে অধিকার থাকবে সাধারণত কোম্পানির হাতে, যে কোম্পানি ডিজাইনের কাজটি সম্পাদনের নির্দেশ দিয়েছে। এ জাতীয় পরিস্থিতিতে, এটা ধরে নেয়া হয় যে, যিনি ডিজাইন তৈরির দায়িত্ব দিয়েছেন তার ব্যবহারের উদ্দেশ্যেই ডিজাইনটি উন্নয়ন করা হয়েছে, একারণে তিনি এর মালিক। পরবর্তী সময়ে ভুল বোঝাবুঝি এড়ানোর জন্য ডিজাইনারের সঙ্গে চুক্তির সময় মালিকানার বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ থাকতে পারে। সবসময় মনে রাখা উচিত যে, যেহেতু পণ্যের ডিজাইনার আপনা আপনিই তার মৌলিক ডিজাইনের ওপর সুরক্ষা পেয়ে থাকেন এ কারণে এ বিষয়টি চুক্তির আওতাধীন থাকা উচিত।

## একটিমাত্র আবেদনের মাধ্যমে কি একাধিক ডিজাইন নিবন্ধনের আবেদন করা যায়?

উত্তরটা এক এক দেশের ক্ষেত্রে এক এক রকম। অনেকগুলো দেশে, একটি মাত্র আবেদন পত্রের মাধ্যমে আপনি অনেকগুলো ডিজাইন (১০, ২০ অথবা এমনকি ৫০টি ডিজাইন) নিবন্ধনের আবেদন করতে পারেন, যদি ডিজাইনগুলো একই পণ্য সম্পর্কিত হয় বা একই পণ্যের 'শ্রেণীভুক্ত' থাকে (১৫ নং পৃষ্ঠায় পণ্যের 'শ্রেণী' সম্পর্কে বিস্তারিত দেখুন)।

**উদাহরণ : ট্রাক্স**

ট্রাক্স হচ্ছে পাবলিক সিটিং সিস্টেম (অভ্যর্থনা কক্ষে ব্যবহৃত আসন পদ্ধতি), রড নিকিন্সম্যান এটা ডিজাইন করেন এবং এটা বাজারজাত করে OMK ডিজাইন লিঃ। ব্রিটিশ রেলের প্রয়োজন মেটানোর জন্য ট্রাক্স পাবলিক সিটিং সিস্টেম প্রথমে ডিজাইন করা হয়েছিল। দেখতে সুন্দর, আরামদায়ক, আবহাওয়া-নিরোধী এবং সামান্য রক্ষণাবেক্ষণ প্রয়োজন হবে এমন পাবলিক সিটিং ব্যবস্থা চালু করার কথা ভাবছিল ব্রিটিশ রেল। বাস্তবিক ডিজাইনের কারণেই মূলত বিগত বছর-গুলোতে ট্রাক্স একটি সফল পণ্য হিসেবে আবির্ভূত হয়েছে এবং বিশ্বের ৬০ টিরও বেশি বিমান বন্দরে এটা স্থাপন করা হয়েছে। যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, বেনেলাক্স দেশগুলো, জার্মানি, ইতালি, জাপান এবং যুক্তরাষ্ট্রে নিবন্ধিত ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন হিসেবে ট্রাক্স সুরক্ষিত।

ঐসব দেশে সুরক্ষিত ডিজাইন হিসেবে পণ্যটির বাজাতজাতকরণে একচেটিয়া অধিকার OMK ডিজাইন লিঃ লাভ করেছে। কিছু কিছু ক্ষেত্রে, OMK ডিজাইন লিঃ বিদেশি কোম্পানিগুলোকে রয়্যালটির ভিত্তিতে ট্রাক্স পাবলিক সিটিং সিস্টেম উৎপাদনের লাইসেন্স প্রদান করেছে।



সৌজন্যে: ট্রাক্স @

www.wipo.int/sme/

এর অর্থ হচ্ছে, যদি আপনি এক সেট চেয়ার, টেবিল ও ড্রেসার ডিজাইন করেন এবং সেগুলো সুরক্ষার আবেদন করে থাকেন, সেক্ষেত্রে অনেক দেশে একটিমাত্র আবেদন পত্রের অধীনে সবগুলো ডিজাইন এবং একটি আবেদন পত্রের ফি পরিশোধের মাধ্যমে একই শ্রেণীর সব পণ্য গুলোর নিবন্ধন করার সুবিধা রয়েছে। তবে, যদি আপনি এর সঙ্গে আনুষাঙ্গিক পণ্য হিসেবে একটি ল্যাম্পের ডিজাইন সুরক্ষা করতে চান সেক্ষেত্রে আলাদা একটি আবেদনপত্র দাখিলের প্রয়োজন হবে। ল্যাম্প আসলে একই শ্রেণীভুক্ত পণ্য নয়। সাধারণত, প্রতিটি অতিরিক্ত ডিজাইনের জন্য যদিও ফি ধার্য করা হয়, তবুও সেটা প্রতিটি ডিজাইনের জন্য আলাদা আলাদা আবেদন ফি'র তুলনায় অনেক অনেক কম।

কোন কোন দেশে, আপনাকে প্রতিটি ডিজাইনের জন্য আলাদা আলাদা আবেদন দাখিলের প্রয়োজন হবে। এসব দেশের অনেকগুলোতে, একটি ডিজাইনের জন্য একটি আবেদন বহাল রেখে, ঐ ডিজাইনের অন্যান্য রূপগুলোও নিবন্ধনের সুযোগ প্রদান করা হয়ে থাকে; অন্যদিকে, অন্য দেশগুলো একটি ডিজাইনের জন্য একটি আবেদনপত্র এই নিয়মের ব্যতিক্রম ঘটায় যখন সবগুলো ডিজাইন 'বস্তুর সেট' নির্দেশ করে।

- **ভেরিয়েন্ট** অর্থাৎ একই বস্তুর ভিন্নরূপগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, উদাহরণ হিসেবে, দুটি কানের দুল, যাদের মধ্যে পার্থক্য হচ্ছে একটি দুল ক্লিপের সাহায্যে আটকানো যায়, অন্যটি কানের ছিদ্র ব্যবহার করে আটকাতে হয়। একই বস্তুর ভিন্ন রূপ হিসেবে বিবেচিত হওয়ার ক্ষেত্রে ডিজাইনটিকে অবশ্যই একই বস্তুর ক্ষেত্রে প্রযোজ্য হতে হবে এবং অবশ্যই একটি অন্যটি থেকে খুব বেশি আলাদা হতে পারবে না।
- অন্যদিকে, একটি **'সেট'** হচ্ছে একই বৈশিষ্ট্যমন্ডিত এক সেট বস্তু যেগুলো সাধারণত একসঙ্গে বিক্রি করা হয় অথবা একসঙ্গে ব্যবহারের জন্য তৈরি করা হয়, এবং সেগুলোর ডিজাইন একই বৈশিষ্ট্যসম্পন্ন। উদাহরণের মধ্যে রয়েছে, কাটলারি (কাটা-চামচ, চামচ, ছুরি) এবং গৃহস্থালী সামগ্রী (হেয়ার ড্রায়ার এবং এর নজেল ও ব্রাশ)।

দেখা যাচ্ছে যে, একটি মাত্র আবেদনের মধ্যেও ভিন্নতার বেশ সুযোগ রয়েছে; এজন্য একজন IP এজেন্ট বা সংশ্লিষ্ট দেশের IP অফিসের মাধ্যমে প্রয়োজনীয়তার প্রকৃত বিবরণ এবং স্বল্প খরচে সুরক্ষা আবেদনের সম্ভাবনা বিষয়ে তথ্য যাচাই করা যেতে পারে।

### আন্তর্জাতিক শ্রেণীভুক্তকরণ পদ্ধতি

সহজে তথ্য প্রত্যাবর্তনের জন্য ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনগুলো সাধারণত শ্রেণী অনুসারে শ্রেণীবদ্ধ বা দলবদ্ধ অবস্থায় সংরক্ষণ করা হয়। আবেদনপত্রে আপনার ডিজাইনটি কোন শ্রেণীভুক্ত করতে আগ্রহী সে বিষয়টির উল্লেখ করতে হবে। অনেক দেশ **লকারনো এগ্রিমেন্ট এস্টাবলিশিং অ্যান ইন্টারন্যাশনাল ক্লাসিফিকেশন ফর ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনস**-এ উল্লেখিত শ্রেণী ব্যবহার করে থাকে (এ জাতীয় শ্রেণীগুলোর তালিকা দেখতে সংযুক্তি ২ দেখুন)। এছাড়া দেখুন www.wipo.int/classifications/en/locarno/about/ ওয়েবসাইট।

### আপনার ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনটি কি লাইসেন্স দিতে পারেন?

ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের লাইসেন্স দেয়া হয় যখন ডিজাইন মালিক (লাইসেন্সর) অন্য ব্যক্তিকে (লাইসেন্সি) পরস্পর সম্মত চুক্তিতে ডিজাইনটি ব্যবহারের অনুমোদন প্রদান করেন। এসব ক্ষেত্রে, সাধারণত চুক্তির শর্ত ও আওতা উল্লেখ করে দুপক্ষের মধ্যে একটি **লাইসেন্সিং চুক্তি** স্বাক্ষরিত হয়।

লাইসেন্সিং চুক্তিতে প্রায়শ কিছু সীমাবদ্ধতা থাকে যেমন, যে কয়টি দেশে লাইসেন্স গ্রহীতা ডিজাইনটি ব্যবহার করতে পারবেন, যে সময়ের জন্য লাইসেন্স মঞ্জুর করা হয়েছে এবং যে ধরনের পণ্যে এটা ব্যবহার করা যাবে। ভিন্ন দেশে ডিজাইন ব্যবহারের লাইসেন্স অনুমোদন দিতে আপনাকে সংশ্লিষ্ট দেশে আগে থেকেই ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনটির সুরক্ষা নিশ্চিত করতে হবে, বা ন্যূনতম আবেদন করে রাখতে হবে।

লাইসেন্সিং চুক্তির মাধ্যমে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনটি অন্যকে ব্যবহারের অনুমোদন প্রদান আপনার ব্যবসায়ে **আয়ের অতিরিক্ত উৎস** যোগ করবে। নিবন্ধিত ডিজাইনের ওপর কোনো কোম্পানির একচেটিয়াত্ব ব্যবহারের সাধারণ উপায় হচ্ছে লাইসেন্স প্রদান।

ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন লাইসেন্স চুক্তি কখনও কখনও ব্যাপক ভিত্তিক লাইসেন্সিং চুক্তির অন্তর্ভুক্ত থাকে, যেটা একটি পণ্যের সবগুলো দিক (কেবল বাহ্যিক উপাদান নয়) আওতাভুক্ত করে।

# ৩. ভিন্ন দেশে ডিজাইন সুরক্ষা

### ভিন্ন দেশে কেন ডিজাইন সুরক্ষা করবেন?

আপনার কোম্পানি যদি মৌলিক ডিজাইন সম্বলিত কোনো পণ্য রফতানি করতে চায়, অথবা বিদেশের কোনো উৎপাদক প্রতিষ্ঠানকে এ ধরনের পণ্য বিক্রি বা রফতানির লাইসেন্স দিতে আগ্রহী হয়, তাহলে অভ্যন্তরীণ বাজারে যে সুরক্ষা উপভোগ করা হয় সেই একই সুরক্ষা ভিন্ন দেশে উপভোগ করার জন্য ঐসব দেশে সংশ্লিষ্ট ডিজাইনটি সুরক্ষার বিষয়টি বিবেচনায় নেয়া উচিত।

### ভিন্ন দেশে কীভাবে ডিজাইন সুরক্ষা করবেন?

ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষা হচ্ছে অঞ্চল বা সীমানা ভিত্তিক। এর অর্থ হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষা সাধারণত ঐ দেশ বা অঞ্চলে সীমাবদ্ধ যে দেশ বা অঞ্চলে ঐ ডিজাইনটি নিবন্ধিত। এ কারণে, আপনি যদি রফতানি বাজারের দেশগুলোতে আপনার ডিজাইনটি সুরক্ষিত রাখতে চান তাহলে আপনাকে নিশ্চিত করতে হবে যে, ঐসব নির্দিষ্ট দেশে ডিজাইনটির সুরক্ষা যেন প্রযোজ্য হয়।

এটা মনে রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, অন্যান্য দেশগুলোতে ডিজাইন সুরক্ষার আবেদনের সময় **অগ্রাধিকারমূলক অধিকার** দাবি করার ক্ষেত্রে নিজ দেশে সুরক্ষার আবেদনপত্র দাখিলের পর আপনার হাতে মাত্র **ছয় মাস** সময় থাকে। এই সময় শেষ হয়ে গেলে, আপনি ভিন্ন দেশে ডিজাইন সুরক্ষার আবেদন করতে পারবেন না, যেহেতু আপনার ডিজাইনটি কোনোভাবেই আর নতুন হিসেবে বিবেচিত হবে না।

ভিন্ন দেশে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষার তিনটি উপায় রয়েছে :

১. **জাতীয় রুট :**
যেসব দেশে সুরক্ষা পেতে আগ্রহী সে দেশগুলোর প্রতিটির জাতীয় IP অফিসে আলাদাভাবে আবেদনের মাধ্যমে কোম্পানিগুলো তাদের ডিজাইনের সুরক্ষা চাইতে পারে। এ ধরনের প্রক্রিয়া বেশ জটিল ও ব্যয়বহুল হতে পারে, যেহেতু সংশ্লিষ্ট দেশগুলোর জাতীয় ভাষায় অনুবাদের প্রয়োজন হয় এবং প্রশাসনিক ফি (এবং কখনও কখনও আইনি ফি) প্রদানের বাধ্যবাধকতাও থাকে।

২. **আঞ্চলিক রুট :** আপনি যদি সেইসব দেশগুলোতে সুরক্ষা পেতে আগ্রহী হোন যে দেশগুলো একটি আঞ্চলিক চুক্তির সদস্য, যারা একাধিক দেশে ডিজাইন নিবন্ধনের সুবিধা প্রদান করে, তাহলে সংশ্লিষ্ট আঞ্চলিক IP অফিসে একটি মাত্র আবেদনপত্র দাখিলের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। আঞ্চলিক IP অফিসের মধ্যে রয়েছে :

- ইংরেজি ভাষাভাষী আফ্রিকার দেশগুলোতে ডিজাইন সুরক্ষার জন্য আফ্রিকান রিজিওনাল ইন্ডাস্ট্রিয়াল প্রোপার্টি অফিস (ARIPO);
- বেলজিয়াম, নেদারল্যান্ড এবং লুক্সেমবার্গে সুরক্ষার জন্য বেনেলাক্স ডিজাইনস অফিস (BDO);
- ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোতে কমিউনিটি ডিজাইনের জন্য অফিস ফর হারমোনাইজেশন ইন দা ইন্টারনাল মার্কেট (OHIM);
- ফরাসি ভাষাভাষী আফ্রিকার দেশগুলোর জন্য আফ্রিকান মেধা সম্পদ সংস্থা (OAPI)।

আঞ্চলিক IP অফিসগুলোর ওয়েবসাইট ঠিকানার জন্য দেখুন সংযুক্তি ১।

৩. **আন্তর্জাতিক রুট :** কোম্পানিগুলো যদি তাদের ডিজাইন আন্তর্জাতিকভাবে অনেক দেশেই নিবন্ধিত করতে চায় সেক্ষেত্রে হেগ এগ্রিমেন্ট কনসার্নিং দা ইন্টারন্যাশনাল ডিপোজিট অব ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনস-এ উল্লেখিত কার্যবিধি ব্যবহার করতে পারে, এটা বিশ্ব মেধা সম্পদ সংস্থা (WIPO) পরিচালিত চুক্তি। হেগ চুক্তিভুক্ত কোনো দেশের একজন আবেদনকারী WIPO-তে একটিমাত্র আন্তর্জাতিক আবেদনপত্র দাখিল করতে পারেন; ডিজাইনটি তখন চুক্তিভুক্ত দেশগুলোর মধ্যে যে দেশগুলোতে আবেদনকারী চাইবেন সে সব দেশে সুরক্ষিত হবে। বিভিন্ন দেশে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের আবেদন করার ক্ষেত্রে এই চুক্তি আবেদনকারীদের একটি সহজ ও সস্তা পদ্ধতি প্রদান করে থাকে। সদস্য দেশ ও আবেদনপত্রের তালিকাসহ হেগ চুক্তিসম্পর্কে বিস্তারিত জানতে দেখুন *WIPO* ওয়েবসাইট। *www.wipo.int/hague/.*

হেগ চুক্তির অধীনে একটি ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষার খরচে হেরফের হয়। এটা নির্ভর করে কতগুলো ডিজাইনের সুরক্ষা চাওয়া হচ্ছে এবং কয়টি দেশে এর সুরক্ষা চাওয়া হচ্ছে। উদাহরণ হিসেবে, আন্তর্জাতিক রুট ব্যবহার করে হেগ

সিস্টেমের অধীনে ১১টি দেশে ৫টি ডিজাইন সুরক্ষার খরচ হচ্ছে ৯০০ সুইস ফ্রাংক।

## ৪. ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন কার্যকরীকরণ

### আপনার ডিজাইন যখন অনুকরণ, নকল বা লঙ্ঘিত হবে তখন কীভাবে অধিকার কার্যকর করবেন?

মেধা সম্পদ অধিকার (IP) কার্যকর করা হতে পারে একটি জটিল ব্যাপার, এ কারণে যোগ্য IP আইনজীবীর কাছ থেকে পেশাগত সহায়তা নেয়ার সুপারিশ করা হচ্ছে। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে, কোনো ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের অনুকরণ বা নকল চিহ্নিত করা ও তার বিরুদ্ধে পদক্ষেপ নেয়ার দায়িত্ব থাকে এর মালিকের ওপর। অন্য কথায়, বাজারে আপনার ডিজাইনটির ব্যবহার পর্যবেক্ষণ করা, নকলকারী বা জালিয়াত চক্রকে শনাক্ত করা এবং আদৌ তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে কি না, হলে কখন ও কীভাবে–এ জাতীয় বিষয়গুলোতে সিদ্ধান্ত নেয়ার দায়িত্ব আপনার।

একজন IP আইনজীবী এ ব্যাপারে যোগ্যব্যক্তি, যিনি অনুকরণকারী, লঙ্ঘনকারী বা জালিয়াতদের বিরুদ্ধে আপনার দেশে আইনগত ব্যবস্থা নেয়ার সম্ভাব্যতা বিষয়ে তথ্য দিতে পারবেন এবং এ জাতীয় বিরোধ নিষ্পত্তিতে পরামর্শ দিতে পারবেন।

### আন্তর্জাতিক ডিজাইন সুরক্ষা

২০০১ সালে, আবেদনের ভিত্তিতে হেগ সিস্টেম ফর দা ইন্টারন্যাশনাল ডিপোজিট অব ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনস ব্যবহারকারী বড় দশটি প্রতিষ্ঠান ছিল সোয়াচ গ্রুপ, ইন্টেরিয়র, সনি ওভারসিজ, হার্মেস, ডিমলার ক্রাইসলার, নোকিয়া, ভিলেরয় + বচ এ.জি., মৌলিনেক্স, ফিলিপস ইলেক্ট্রনিক্স এবং স্যালোমন। হেগ সিস্টেমের সবচেয়ে বড় ব্যবহারকারী সোয়াচগ্রুপ সে বছর এ সিস্টেম ব্যবহার করে ডিজাইন নিবন্ধনের ১০৩ টি আবেদনপত্র জমা দিয়েছিল। তাদের হাতঘড়ির স্বাতন্ত্র্যতাপূণ 'চেহারা' হচ্ছে সেই বৈশিষ্ট্য, যেটা তাদের পণ্যের প্রতি ভোক্তাদের পছন্দকে প্রভাবিত করে। এ কারণে, সোয়াচ গ্রুপের মত কোম্পানিগুলো চমক লাগানো ডিজাইন উদ্ভাবনে বিরাট অংকের টাকা ব্যয় করে এবং অনেক দেশে নিবন্ধনের মাধ্যমে তাদের ডিজাইনের ওপর একচেটিয়া অধিকার নিশ্চিত করে।



সৌজন্যে ঃ সোয়াচ এ জি

www.wipo.int/sme/

আপনি যখনই বিশ্বাস করতে শুরু করবেন যে **নকলের** ঘটনা ঘটছে, তখন প্রাথমিক পদক্ষেপ হিসেবে আপনি জালকারীর কাছে একটি 'সিজ অর ডিসিস্ট লেটার' পাঠিয়ে তাকে তার ডিজাইন এবং আপনার একচেটিয়া অধিকারের মধ্যে সম্ভাব্য সংঘাত সম্পর্কে সতর্ক করতে পারেন। এ ধরনের চিঠির খসড়া তৈরিতে একজন আইনজীবীর সহায়তা নেয়া ভালো। যদি নকলকারী তার কর্মকান্ড অব্যাহত রাখে সেক্ষেত্রে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া জরুরি হয়ে পড়বে।

আপনি যদি নকলকারীর অবস্থান জানেন, তাহলে সন্দেহভাজন সেই কোম্পানি বা ব্যক্তিকে না জানিয়ে তল্লাশি চালানোর জন্য অনুসন্ধান ও জব্দ নির্দেশ (সার্চ অ্যান্ড সিজ অর্ডার) নিয়ে (সাধারণত উপযুক্ত আদালত বা পুলিশের কাছ থেকে) তাৎক্ষনিক তল্লাশি চালানো সম্ভব হতে পারে।

**জাল পণ্য আমদানি** বন্ধ করতে, বিভিন্ন দেশে শুল্ক কর্তৃপক্ষের মাধ্যমে ডিজাইন মালিক আন্তর্জাতিক সীমান্তে নানান উদ্যোগ নিতে পারেন।

সাধারণ আইন হিসেবে, যদি নকলকারী চিহ্নিত হয়, তাহলে পেশাগত আইনি সহায়তা নেয়ার জন্য সুপারিশ করা হচ্ছে।

## ৫. ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষায় অন্যান্য আইনগত সুবিধা

### ডিজাইনের ক্ষেত্রে কপিরাইট সুরক্ষা ও ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষার মধ্যে পার্থক্য কী?

কোন কোন দেশে, প্রযোজ্য আইন কয়েক ধরনের ডিজাইনের ক্ষেত্রে কপিরাইট সুরক্ষাকে স্বীকৃতি প্রদান করে, যেমন টেক্সটাইল ও ফেব্রিক্স। অনেক দেশেই আপনি পাবেন ক্রমবর্ধমান (কিউমুলেটিভ) সুরক্ষা (কপিরাইট সুরক্ষা এবং ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সুরক্ষা), যেটা একই ডিজাইনের জন্য যৌথভাবে হতে পারে, অন্যদিকে অল্প কয়েকটি দেশে, এই দু'ধরনের সুরক্ষার মধ্যে একটি নিলে অন্যটা আর নেয়া সম্ভব হয় না।



কীভাবে আপনার ডিজাইনটি সুরক্ষিত করবেন সে বিষয়ক সিদ্ধান্ত নেয়ার আগে এই দুই ধরনের সুরক্ষা পদ্ধতি সম্পর্কে ভালোভাবে জানা খুবই প্রয়োজন। এদের মধ্যে প্রধান পার্থক্যগুলো হচ্ছে :

### নিবন্ধন

- ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন আইন অনুসারে সংশ্লিষ্ট ডিজাইনটি কোথাও প্রকাশ বা প্রদর্শনের পূর্বে **নিবন্ধনের** প্রয়োজন হয়, অথবা ন্যূনতম সেই দেশে নিবন্ধনের প্রয়োজন হয় যে দেশে সুরক্ষা চাওয়া হচ্ছে। ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন আইনের অধীনে প্রদত্ত **নিবন্ধন সনদ** খুবই গুরুত্বপূর্ণ বিবেচিত হয় যখন নকলের ঘটনা ঘটে, যেহেতু এটা আপনাকে একচেটিয়া অধিকার কার্যকর করার শক্তিশালী ভিত্তি প্রদান করে।
- কোনো কাজের কপিরাইট সাধারণত ধরে নেয়া হয় মৌলিক, যা কোনো আনুষ্ঠানিকতা ছাড়াই বিদ্যমান থাকে। **সুরক্ষার জন্য কপিরাইট নিবন্ধনের প্রয়োজন হয় না,** তবে অনেক দেশেই কপিরাইট ডিপোজিটরি বা সংরক্ষণাগার রয়েছে, যেখানে আপনি ইচ্ছে করলে সৃষ্টিকর্ম জমা দিয়ে একটি সনদ নিতে পারবেন।

### মেয়াদ

- ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের মেয়াদ সাধারণত **১০ থেকে ২৫ বছর**। এটা নির্ভর করে কোন দেশে আপনি আপনার ডিজাইনটির সুরক্ষা দাবি করবেন। এটা স্মরণ রাখা দরকার যে, ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের জন্য কিছুটা সময়ের প্রয়োজন হয় এবং ঐসব পণ্যের ক্ষেত্রে পর্যাপ্ত নাও হতে পারে যে পণ্যগুলো চলমান ধারার সঙ্গে সম্পর্কিত (যেমন পোশাক সামগ্রী)।
- অধিকাংশ দেশে কপিরাইটের মেয়াদ **লেখকের জীবদ্দশা এবং তার মৃত্যুর ৫০ থেকে ৭০ বছর পর পর্যন্ত।**

### সুরক্ষার আওতা

- একটি ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের মাধ্যমে যে অধিকার পাওয়া যায় তা এই অর্থে **একচেটিয়া অধিকার** যে, লঙ্ঘনের ঘটনা ঘটবেই, তা ইচ্ছাকৃতভাবে ঘটুক বা অনিচ্ছাকৃতভাবে ঘটুক।
- কপিরাইট আইনের অধীনে অধিকার কার্যকর করতে কপিরাইট মালিককে অবশ্যই প্রমাণ করতে হবে যে, নকল কাজটি কপিরাইটের মাধ্যমে সুরক্ষিত তার কাজের প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে অনুরূপ।

### পণ্যের প্রকার

- অধিকাংশ দেশে সব **ডিজাইনই কপিরাইটের মাধ্যমে সুরক্ষিত রাখা যায় না,** কিন্তু প্রাথমিকভাবে সেগুলো সম্ভব যেগুলো শিল্পকর্ম হিসেবে বিবেচনা করা হয়। এই পার্থক্য যদিও সবসময় স্পষ্ট না, কিছু কিছু ডিজাইন, যেমন কোনো উৎপাদিত পণ্যের আকৃতি, কপিরাইটের মাধ্যমে সুরক্ষিত না হওয়ারই সম্ভাবনা বেশি, অন্যদিকে টেক্সটাইল ডিজাইনের মত অন্য ডিজাইনগুলো প্রায়শ দু'ধরনের (কপিরাইট ও ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন) সুরক্ষা পদ্ধতির মাধ্যমে সুরক্ষিত করা যায়।

### খরচ

- ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের অর্থ হচ্ছে আপনি যে দেশগুলোতে এটা নিবন্ধন করতে আগ্রহী সে দেশগুলোর জন্য আবেদন ফি

www.wipo.int/sme/

জমা দিতে হবে। তাছাড়া, আবেদনপত্র খসড়ার জন্য IP এজেন্টের সহায়তা অনেক সময় প্রয়োজনীয় হয়ে দাঁড়ায়, সেক্ষেত্রে অতিরিক্ত খরচ জড়িত থাকে।

- অধিকাংশ দেশের জাতীয় কপিরাইট আইনে সৃষ্টিকর্মের আনুষ্ঠানিক নিবন্ধনের প্রয়োজন হয় না। এ কারণে কপিরাইট সুরক্ষার সঙ্গে কোনো খরচ জড়িত নেই। তবে, খরচ হতে পারে (ক) কপিরাইট ডিপোজিটরিতে কাজ জমা দেয়ার ক্ষেত্রে, যেসব দেশে এটা আছে, এবং (খ) বিরোধের সময় মালিকানা প্রমাণে।

**সংক্ষেপে,** ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের মাধ্যমে যে সুরক্ষা অনুমোদন করা হয় সেটা তুলনামূলক শক্তিশালী, কেননা অনিচ্ছাকৃত লঙ্ঘনের বিষয়টিও এর আওতাভুক্ত থাকে এবং এখানে একটি নিবন্ধন সনদ পাওয়া যায় যেটা নকল প্রতিরোধের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রমাণ হিসেবে কাজ করে। তবে, এক্ষেত্রে কিছু উদ্যোগের প্রয়োজন হয় (আর্থিক ও প্রশাসনিক), কারণ নিবন্ধনের প্রয়োজন হয় এবং এর মেয়াদও স্বল্পস্থায়ী।

ঐসব ক্ষেত্রে, বিশেষ করে যেখানে ডিজাইনটি নিবন্ধিত থাকে না, **ডিজাইন উন্নয়নের প্রতিটি ধাপ সম্পর্কে উপযুক্ত রেকর্ড সংরক্ষণের** সুপারিশ করা হচ্ছে। প্রতিটি নকশার (স্কেচ) ওপর স্বাক্ষর ও তারিখ প্রদান করে সেগুলো ভালোভাবে সংরক্ষণ করলে বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে এগুলো ব্যবহার করা যায়।

**উদাহরণ :** যুক্তরাজ্যে ফেব্রিক ডিজাইনারদের মধ্যে পরিচালিত সাম্প্রতিক এক জরিপে দেখা গেছে, ৮০% উত্তরদাতা বলেছেন তারা সবসময় তাদের ডিজাইন সংশ্লিষ্ট মূল কাগজগুলো সংরক্ষণ করেন এবং কপিরাইট মালিকানা নির্ধারণে এর গুরুত্ব বিষয়ে সচেতন।

## ট্রেডমার্ক আইন কখন একটি ডিজাইনকে সুরক্ষা করে?

একটি ট্রেডমার্ক হচ্ছে একটি স্বাতন্ত্র্যমূলক প্রতীক (সাধারণত একটি শব্দ, একটি লোগো অথবা এ দুইয়ের সংমিশ্রণ), যেটা এক কোম্পানি থেকে অন্য কোম্পানির পণ্য আলাদা করতে ব্যবহার করা হয়। তবে, কিছু কিছু পরিস্থিতি রয়েছে, যেখানে একটি পণ্যের আকৃতি, ডিজাইন বা মোড়ক ঐ পণ্যের স্বাতন্ত্র্যমূলক বৈশিষ্ট্য হিসেবে বিবেচিত হয় এবং তখন এটা একটি ত্রিমাত্রিক ট্রেডমার্ক হিসেবে সংরক্ষণযোগ্য বলে ধরা হয়। কোকা-কোলার বোতল বা টবলেরন চকোলেটের ত্রিমাত্রিক আকৃতি এ জাতীয় ট্রেডমার্কের উদাহরণ।




টবলেরন ® ক্রাফট ফুডস গ্রুপ © ১৯৮৬-এর একটি নিবন্ধিত ট্রেডমার্ক

একটি ডিজাইনকে ত্রিমাত্রিক ট্রেডমার্ক হিসেবে গণ্য করা হবে কি না তা জানতে একজন IP এজেন্টের সহায়তা সুপারিশ করা হচ্ছে।

ট্রেডমার্ক সুরক্ষার সুবিধা হচ্ছে এটা অনির্দিষ্ট সময়ের জন্য নবায়ন করা যায়, অন্যদিকে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের মেয়াদ সীমিত (সাধারণত ১০ থেকে ২৫ বছর)। তাছাড়া ট্রেডমার্ক এবং ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের খরচেও পার্থক্য রয়েছে। আইনগত পদ্ধতির ওপর নির্ভর করে এই দু'ধরনের সুরক্ষা ব্যবস্থা একসঙ্গে চলতে পারে।

## অসাধু প্রতিযোগিতা বিষয়ক আইন কি ডিজাইন সুরক্ষা করতে পারে?

অনেক দেশেই, ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন প্রায়শ অসাধু প্রতিযোগিতা বিষয়ক আইনের অধীনে সুরক্ষিত। এভাবে, একটি ডিজাইন অসাধু প্রতিযোগিতার বিভিন্ন কর্মকান্ড থেকে সুরক্ষিত রাখা যেতে পারে। এর মধ্যে রয়েছে, বিশেষ করে, হুবহু নকল এবং এমন কাজ যেটা বিভ্রান্তি তৈরি করতে পারে, অনুকরণ অথবা তৃতীয় কোনো পক্ষের মাধ্যমে সুনামের অবৈধ ব্যবহার। তবে, অসাধু প্রতিযোগিতার আওতায় সুরক্ষা সচরাচর উল্লেখযোগ্যভাবে দূর্বল এবং নকল প্রমাণের কাজটিও বেশ কঠিন।

# সংযুক্তি ১ - সহায়ক ওয়েবসাইটগুলো

## অতিরিক্ত তথ্যের জন্য

ব্যবসায়িক দৃষ্টিকোণ থেকে অন্যান্য মেধা সম্পদ বিষয়ক তথ্য : *www.wipo.int/sme*

ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন বিষয়ক তথ্য: *www.wipo.int/about-ip/en/*

ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধন সংশ্লিষ্ট দিকগুলোর জন্য সংযুক্তি ১-এ প্রদানকৃত জাতীয় ও আঞ্চলিক মেধা সম্পদ অফিসগুলোর ওয়েবসাইট তালিকা দেখুন অথবা দেখুন *www.wipo.int/news/en/links/ipo*_web.htm ওয়েবসাইট।

হেগ এগ্রিমেন্ট ফর দা ইন্টারন্যাশনাল ডিপোজিট অব ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনস বিষয়ক তথ্য : *www.wipo.int/hague/en/*

লকারনো এগ্রিমেন্ট এস্টাবলিশিং অ্যান ইন্টারন্যাশনাল ক্লাসিফিকেশন ফর ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনস বিষয়ক তথ্য : *www.wipo.int/classifications* (লকারনো চুক্তির অধান)

সালিশ-নিষ্পত্তি ও মধ্যস্থতা বিষয়ক তথ্য : *http://arbiter.wipo.int/*

# সংযুক্তি - ২ ইন্টারনেট ঠিকানা

## জাতীয় ও আঞ্চলিক মেধা সম্পদ অফিসগুলোর ওয়েবসাইট ঠিকানা

| | |
|---|---|
| আফ্রিকান মেধাসম্পদ সংস্থা | www.oapi.wipo.net/ |
| আলজেরিয়া | www.inapi.org |
| আলব্রনিয়া | www.alpto.gov.al |
| অ্যানডোরা | www.ompa.ad |
| আর্জেন্টিনা | www.inpi.gov.ar/ |
| আর্মেনিয়া | www.armpatent.org |
| অস্ট্রেলিয়া | www.ipaustralia.gov.au/ |
| অস্ট্রিয়া | www.patent.bmvit.gv.at/ |
| বাহরাইন | www.gulf-patent-office.org.sa/bahrainframe.htm |
| বার্বাডোজ | www.caipo.org |
| বিলারোস | www.belgospatent.org/english/about/history.html |
| বেলজিয়াম | www.mineco.fgov.be |
| বেলাইজ | www.belipo.bz |
| বেনেলাক্স | www.boip.int |
| বিনাইন | www.oapi.wipo.net |
| বলিভিয়া | www.senapi.gov.bo |
| বস্টয়ানা | www.aripo.org |
| ব্রাজিল | www.inpi.gov.br |
| বুলগেরিয়া | www.bpo.bg/ |
| বুরকিনা ফাসো | www.oapi.wipo.net |
| বুরুনডি | www.oapi.wipo.net |
| কম্বোডিয়া | www.moc.gov.kh |
| কামিরোন | www.oapi.wipo.net |
| কানাডা | www.opic.gc.ca |
| সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক | www.oapi.wipo.net/ |
| চাদ | www.oapi.wipo.net |
| চিলি | www.dpi.gov.cl |
| চীন | www.sipo.gov.cn |
| চীন : হংকং (SAR) | www.info.gov.hk/ipd |
| চীন : ম্যাকাও (SAR) | www.economia.gov.mo |
| চীন : মার্কস্ | www.saic.gov.cn |
| কলম্বিয়া | www.sic.gov.co |
| কঙ্গো | www.oapi.wipo.net |
| কোস্টারিকা | www.registronacional.go.cr |

| | |
|---|---|
| কোত দ্যু আইবুরী | www.oapi.wipo.net/ |
| ক্রোয়েশিয়া | www.dziv.hr |
| কিউবা | www.dziv.hr/ |
| কেপরোস | www.mcit.gov.cy/mcit/drcor/drcor.nsf |
| চেক রিপাবলিক | www.upv.cz |
| ডেমোক্রেটিক রিপাবলিক অফ দ্যা কঙ্গো | www.oapi.wipo.net |
| ডেনমার্ক | www.dkpto.dk/ |
| ডমিনিকান রিপাবলিক | www.seic.gov.do/onapi/ |
| মিশর | www.egypo.gov.eg |
| এল সালভাদোর | www.cnr.gobs.sv |
| এস্তোনিয়া | www.epa.ee |
| ইউরেসিয়ান পেটেন্ট অফিস | www.eapo.org |
| ইউরোপিয়ান ইউনিয়ন (অফিস ফর হারমোনাইজেশন ইন দা ইন্টারনাল মার্কেট– OHIM) | www.oami.eu.int/ |
| ফিনল্যান্ড | www.prh.fi |
| ফ্রান্স | www.inpi.fr |
| গ্যাবন | www.oapi.wipo.net |
| জাম্পিয়া | www.aripo.org |
| জর্জিয়া | www.sakpatenti.org.ge |
| জার্মানি | www.dpma.de |
| জায়না | www.aripo.org |
| গ্রীস | www.obi.gr |
| হেন্ডোস্ | www.sic.gob.hn/pintelec/indice.htm |
| হাঙ্গেরি | www.mszh.hu/english/index.html |
| আইসল্যান্ড | www.patent.is/focal/webguard.nsf/key2/indexeng.html |
| ভারত | www.ipindia.nic.in |
| ইন্দোনেশিয়া | www.dgip.go.id |
| আয়ারল্যান্ড | www.patenstoffice.ie |
| ইসরায়েল | www.justice.gov.il |
| ইতালি | www.uibm.gov.it |
| জামাইকা | www.jipo.gov.jm |
| জাপান | www.jpo.go.jp |
| জর্ডান | www.mit.gov.jo |
| কাজাকিস্তান | www.kazpatent.org/english |
| কেনিয়া | www.aripo.org |
| কুয়েত | www.gulf-patent-office.org.sa |
| লাও পিপল'স ডেমোক্রাটিক রিপাবলিক | www.stea.la.wipo.net |
| লেটভিয়া | www.irpv.lv |

| | |
|---|---|
| লেবানন | www.economy.gov.lb |
| লেসেথো | www.aripo.org |
| লিসটেঙ্গটেন | www.european-patent-office.org |
| লিথুয়ানিয়া | www.vpb.lt/ |
| লুক্সেমবার্গ | www.etat.lu/ec |
| মালাওয়ে | www.aripo.org |
| মালয়েশিয়া | www.mipc.gov.my/ |
| মেইল | www.oapi.wipo.net |
| মেক্সিকো | www.impi.gob.mx |
| মোনাকো | www.european-patent-office.org/patlib/country/monaco |
| মোনটেনিগ্রো | www.yupat.sv.gov.yu |
| মরক্কো | www.ompic.org.ma |
| মোজামবিকিউ | www.aripo.org |
| নামিবিয়া | www.aripo.org |
| নেপাল | www.ip.np.wipo.net |
| নেদারল্যান্ডস | www.octrooicentrum.nl |
| নিউজিল্যান্ড | www.iponz.govt.nz |
| নির্গার | www.oapi.wipo.net |
| নরওয়ে | www.patentstyret.no |
| ওমান | www.gulf-patent-office.org.sa |
| পানামা | www.digerpi.gob.pa |
| পেরু | www.indecopi.gob.pe |
| ফিলিপাইন | www.ipophil.gov.ph |
| পোল্যান্ড | www.business.gov.pl/Intellectual,property,protection,90.html |
| পর্তুগাল | www.inpi.pt/ |
| কোয়াটার | www.gulf-patent-office.org.sa |
| রিপাবলিক অব কোরিয়া | www.kipo.go.kr |
| রিপাবলিকঅব মলদোভা | www.agepi.md/ |
| রুমানিয়া | www.osim.ro |
| রাশিয়ান ফেডারেশন | www.rupto.ru |
| সেন্ট বিনসেন্ট এন্ড দ্যা গ্রানাডাইনস | 196.1.161.62/govt/cipo/index.asp |
| সৌদিআরব | www.gulf-patent-office.org.sa |
| সেনিগাল | www.oapi.wipo.net |
| সার্বিয়া | www.yupat.sv.gov.yu |
| সিয়েরা লিয়োন | www.aripo.org |
| সিঙ্গাপুর | www.ipos.gov.sg |
| স্লোভাক রিপাবলিক | www.indprop.gov.sk |

| | |
|---|---|
| স্লোভেনিয়া | www.uil-sipo.si/Default.htm |
| সোমালিয়া | www.aripo.org |
| দক্ষিন আফ্রিকা | www.cipro.gov.za |
| স্পেন | www.oepm.es |
| সুদান | www.aripo.org |
| সোয়াজিল্যান্ড | www.aripo.org |
| সুইডেন | www.prv.se |
| সুইজারল্যান্ড | www.ige.ch |
| সিরিয়ান আরব রিপাবলিক | www.himaya.net |
| তাজিকিস্তান | www.tipat.org |
| থাইল্যান্ড | www.ipthailand.org |
| মেসিডোনিয়া | www.ippo.gov.mk |
| টোগো | www.oapi.wipo.net |
| ট্রিনিদাদ এবং টোবাগো | www.ipo.gov.tt/home.asp |
| তিউনিসিয়া | www.inorpi.ind.tn |
| তুরস্ক | www.turkpatent.gov.tr |
| তুরকিমিনিস্তান | www.eapo.org |
| উগান্ডা | www.aripo.org |
| ইউক্রেইন | www.sdip.gov.ua |
| ইউনাইটেড আরব এমিরাত | www.gulf-patent-office.org.sa |
| ইউনাইটেড কিংডোম | www.patent.gov.uk |
| ইউনাইটেড রিপাবলিক অফ তানজানিয়া | www.aripo.org |
| ইউনাইটেড স্টেটস্ | www.uspto.gov |
| উরুগুয়ে | www.dnpi.gub.uy |
| উজবেকিস্তান | www.patent.uz |
| ভেনিজুয়েলা | www.sapi.gov.ve |
| ইয়েমেন | www.most.org.ye |
| জাম্বিয়া | www.aripo.org |
| জিম্বাবুয়ে | www.aripo.org |

সর্বশেষ তথ্যের জন্য www.wipo.int/members/en/and
www.wipo.int/directory/en/urls.jsp

# সংযুক্তি ৩ - লকারনো চুক্তি

## লকারনো চুক্তির আওতায় ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের আন্তর্জাতিক শ্রেণীবিন্যাস

**শ্রেণীসমূহের তালিকা**

১. খাদ্য দ্রব্য
২. পোশাক এবং জামা-কাপড়, সুচ-সুতা, বোতাম, ফিতা ইত্যাদি বস্তু
৩. ভ্রমণ সামগ্রী, বাক্স, রোদ নিবারক ছাতা এবং ব্যক্তিগত ব্যবহার্য্য সামগ্রী, যেগুলো অন্য কোনো শ্রেণীভুক্ত নয়।
৪. ব্রাশসামগ্রী
৫. বস্ত্রপণ্য, কৃত্রিম ও প্রাকৃতিক শিট ম্যাটেরিয়াল
৬. আসবাবপত্র ও সাজ সরঞ্জাম
৭. গৃহস্থালী সামগ্রী, যেগুলো অন্য কোনো শ্রেণীভুক্ত নয়।
৮. টুলস ও হার্ডওয়্যার
৯. মালামাল পরিবহণ ও বিতরণের জন্য ব্যবহৃত মোড়ক এবং কন্টেইনার
১০. ঘড়ি, হাতঘড়ি এবং অন্যান্য পরিমাপক যন্ত্র, পরীক্ষা ও সংকেত প্রদানকারী যন্ত্র
১১. অলংকার ও প্রসাধন সামগ্রী?
১২. পরিবহন অথবা উত্তোলন পদ্ধতি
১৩. বিদ্যুৎ উৎপাদন, বিতরণ এবং রূপান্তরের যন্ত্রপাতি
১৪. শব্দ ধারণ, যোগাযোগ বা তথ্য প্রত্যাবর্তন যন্ত্রপাতি
১৫. মেশিনপত্র, যেগুলো অন্য কোনো শ্রেণীভুক্ত নয়।
১৬. আলোকচিত্র, চলচ্চিত্র এবং অপটিক্যাল সামগ্রী
১৭. বাদ্যযন্ত্র
১৮. মুদ্রণ ও অফিস সংশ্লিষ্ট যন্ত্রপাতি
১৯. স্টেশনারি ও অফিস উপকরণ, শিল্পী ও শিক্ষকদের পাঠদানের উপকরণ
২০. বিক্রয় ও বিজ্ঞাপন সামগ্রী, সাইন
২১. খেলাধূলা, খেলনা, তাবু এবং ক্রীড়া সামগ্রী
২২. অস্ত্র, আতশবাজি সামগ্রী, শিকার, মাছ ধরা ও পোকামাকড় নিধনের উপকরণ
২৩. তরল পদার্থ নিঃসরণ সামগ্রী, স্যানিটারি, তাপ উৎপাদন, ভেন্টিলেশন এবং তাপানুকুল যন্ত্রপাতি, কঠিন জ্বালানি
২৪. চিকিৎসা ও গবেষণাগার যন্ত্রপাতি
২৫. ভবন ও নির্মাণ উপকরণ
২৬. বৈদ্যুতিক বাতি সংশ্লিষ্ট সামগ্রী
২৭. তামাক ও ধুমপানের অন্যান্য উপাদান
২৮. ওষুধ ও প্রসাধন সামগ্রী, সৌন্দর্য্যবর্ধক বস্তু ও উপকরণ
২৯. আগুন নিরোধক, দূর্ঘটনা প্রতিরোধক এবং উদ্ধারকাজে ব্যবহৃত উপকরণ ও যন্ত্রপাতি
৩০. গবাদিপশুর সেবা ও ব্যবস্থাপনা বিষয়ক বস্তু
৩১. খাদ্য বা পানীয় প্রস্তুতে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণ, যেগুলো অন্য কোনো শ্রেণীভুক্ত নয়।
৯৯. বিবিধ

সর্বশেষ তথ্যের জন্য *www.wipo.int/hague/en/general/classification/html* ওয়েবসাইটটি পরিদর্শন করুন।

# সংযুক্তি ৪ - হেগ চুক্তি

## দি ইন্টারন্যাশনাল ডিপোজিট অব ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন (আগষ্ট-২০০৬ সংশোধিত) এর সদস্য দেশসমূহ

বেলজিয়াম
বেলিজ
বেনিন
বুলজারিয়া
কোত দ্যু আইবুরী
ক্রোয়েশিয়া
ডি পি আর কোরিয়া
মিশর
এস্তোনিয়া
ফ্রান্স
গ্যাবন
জর্জিয়া
জার্মানী
গ্রীস
হলি সি
হাংগেরী
আইসল্যান্ড
ইন্দোনেশিয়া
ইটালী
কিরগিস্থান
লাটভিয়া
লিচটেনসটিয়েন
লুক্সেমবার্গ
মালি
মোনাকো
মোঙ্গলিয়া
মনটিনিগ্রো
মরক্কো
নামিবিয়া
নেদারল্যান্ডস
নাইজার
রিপাবলিক অব মলদোভা
রোমানিয়া
সেনিগাল
সারব্রিয়া
সিঙ্গাপুর
স্লোভেনিয়া
স্পেন
সুরিনাম
সুইজারল্যান্ড
মেসিডোনিয়া
তিউনেশিয়া
তুরস্ক
ইউক্রেইন

মোটঃ ৪৪টি দেশ